১২ ডিসেম্বর, ২০২৫

# নির্বাচনের তফসিলকে রাজনীতির নতুন অধ্যায় হিসেবে স্বাগত জানাল বিএনপি



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণাকে গণতন্ত্রের পথে নতুন যাত্রা হিসেবে অভিহিত করেছে বিএনপি। মহাসচিব মির্জা ফখরুল বলেন, দীর্ঘ সংগ্রামের পর দেশ কাঙ্ক্ষিত গণতন্ত্রের দিকে এগোচ্ছে এবং একটি শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য নির্বাচন হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল প্রকাশকে বাংলাদেশের রাজনীতিতে নতুন অধ্যায়ের সূচনা বলে মন্তব্য করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল–বিএনপি। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) সন্ধ্যায় সিইসি এ এম এম নাসির উদ্দীনের ঘোষণার পরই বিএনপির তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানান দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

তিনি বলেন, “এই তফসিলের মধ্য দিয়ে প্রমাণিত হয়েছে বাংলাদেশ কাঙ্ক্ষিত গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে। যে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য দেড় যুগেরও বেশি সময় জনগণ জীবনবাজি রেখে লড়াই করেছে।”

দ্য বিজনেস স্ট্যান্ডার্ডকে দেওয়া প্রতিক্রিয়ায় মির্জা ফখরুল আশা প্রকাশ করেন যে, আগামী নির্বাচনে গণতন্ত্রে বিশ্বাসী সব রাজনৈতিক দল অংশ নেবে এবং ভোট একটি শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক পরিবেশে অনুষ্ঠিত হবে। তিনি আরও বলেন, একটি নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচনই দেশের ভবিষ্যতের জন্য জরুরি।

প্রশ্নোত্তরে বিএনপি মহাসচিব জানান, নির্বাচন নিয়ে দলটির কখনোই শঙ্কা ছিল না। তার ভাষায়, “বিএনপি সবসময় বলেছে, সংকট উত্তরণের একমাত্র পথ হলো নির্বাচন। আজ তফসিল ঘোষণার মধ্য দিয়ে সেই পথের আনুষ্ঠানিক সূচনা হলো। তাই আমরা তফসিলকে স্বাগত জানাই।”

LENS ASIA